গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
জগন্নাথপুর, সুনামগঞ্জ
www.acl.jagannathpur.sunamganj.gov.bd

স্মারক নং-৩১.৪৬.৯০৪৭.০০১.০৭.০০৩.২৫-৫৮৬

তারিখঃ ১৮ মে, ২০২৫
০৪ জ্যৈষ্ঠ, ১৪৩২

# বিজ্ঞপ্তি-০১/২০২৫

এতদ্বারা সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার সকল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ/সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় জগন্নাথপুর উপজেলাধীন ২০ একরের উর্ধ্বে নিম্নবর্ণিত ছক-''ক'' এর জলমহাল/জলাশয়গুলো ১৪৩২ বাংলা সনে ইজারা প্রদান না হওয়ায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের (রাজস্ব) শাখার ১৫ এপ্রিল ২০২৫ তারিখের ৪৯২ নম্বর স্মারক ও উপজেলা প্রশাসন, জগন্নাথপুরের ব্যবস্থাপনায় জগন্নাথপুর উপজেলাধীন ২০ একর পর্যন্ত নিম্নবর্ণিত জলমহাল/জলাশয়গুলোর ১৪৩২ বাংলা সনে ইজারা প্রদান না হওয়ায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জগন্নাথপুর এর ১২ মে ২০২৫ তারিখের ৪৬৬ নম্বর স্মারক মূলে নিম্নবর্ণিত ছক-''খ'' এর জলমহাল/জলাশয়গুলো ১৪৩২ বাংলা সনের অবশিষ্ট সময় অর্থ্যাৎ (৩০ শে চৈত্র পর্যন্ত) জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর আলোকে রাজস্ব আদায়ের স্বার্থে খাস আদায় কার্যক্রমে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে আগামী ১৯ মে ২০২৫ খ্রি. (০৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ) হতে ২৯ মে ২০২৫ খ্রি. (১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ) পর্যন্ত জলমহালের মূল্য উল্লেখপূর্বক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত/আবেদন আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, বিজ্ঞপ্তিটি উপজেলা ভূমি অফিস, জগন্নাথপুর, সুনামগঞ্জ এর ওয়েব সাইট (www.acl.jagannathpur.sunamganj.gov.bd) তে পাওয়া যাবে।

**দরপত্র দাখিল ও উন্মুক্তকরণের সময়সূচী:**

| দরপত্র বাক্সে আবেদন দাখিলের সর্বশেষ তারিখ, সময় ও স্থান | দরপত্র বাক্স খোলার তারিখ,সময় ও স্থান | মন্তব্য |
|---|---|---|
| তারিখঃ ২৯ মে, ২০২৫ খ্রি.<br>সময়: দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত<br>স্থান: উপজেলা ভূমি অফিস,জগন্নাথপুর,সুনামগঞ্জ। | তারিখঃ ২৯ মে, ২০২৫ খ্রি.<br>সময়: দুপুর ১২.৩০ ঘটিকা<br>স্থান: উপজেলা ভূমি অফিস, জগন্নাথপুর,সুনামগঞ্জ | আবেদনকারীগণের উপস্থিতিতে দরপত্র উন্মুক্ত করা হবে (যদি কেহ উপস্থিত থাকেন)। |

## শর্তাবলী:

১. উপরে বর্ণিত জলমহালগুলো ১৪৩২ বাংলা সনের অবশিষ্ট সময় অর্থাৎ ৩০ শে চৈত্র/১৪৩২ বাংলা সন পর্যন্ত খাস প্রদান করা হবে।
২. আগ্রহী প্রার্থীকে ২০/- টাকা কোর্ট ফি সম্বলিত সাদা কাগজে আবেদনকারীর নাম, ঠিকানা, জলমহালের নাম ও খাস মূল্য উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর বরাবর সীলগালা অবস্থায় আবেদন দাখিল করতে হবে। আবেদনে কোন প্রকার ঘষামাজা/কাটাকাটি পরিলক্ষীত হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৩. আগ্রহী প্রার্থীগণকে আবেদনে উল্লিখিত উদ্ধৃত দরের ৩০% অর্থ সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ এর অনুকূলে জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে দাখিল করতে হবে।
৪. সর্বোচ্চ দরদাতাকে আবেদনে উল্লিখিত মূল্যসহ অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরবর্তী ০৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে পরিশোধ করতে হবে অন্যথায় জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
৫. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ব্যক্তির নিকট সরকারী পাওনা বকেয়া থাকলে তিনি খাস কালেকশনের জন্য আবেদন করতে পারবেন না।
৬. খাস কালেকশনে জন্য ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না এবং জলমহালের কোন অংশ স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না, যাতে ফৌজদারী কার্যবিধির ১৩৩ অথবা ১৯৫০ সনের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লঙ্ঘিত হয়।
৭. যে সকল জলমহাল থেকে জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে। সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। যে সকল বদ্ধ জলমহাল খাস কালেকশনের জন্য ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পযার্য়ে সেচ কার্যক্রম গ্রহণ করা যাবে।
৮. কোন অবস্থাতেই খাস আদায়কালীন সময়ে জলমহাল শুকিয়ে মাছ ধরা যাবে না এবং মা মাছ নিধন করা যাবে না।
৯. অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার বা কালেক্টর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারিবেন না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক সকল আদেশ/নিষেধ ইজারা গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন।
১০. ইতিমধ্যে কোন জলমহালে আদালত বা উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন প্রকার নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে সংশ্লিষ্ট জলমহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।
১১. উপরে বর্ণিত জলমহালগুলোর তফসিল, আয়তন এবং বাস্তব অবস্থান সম্পর্কে অবগত হয়ে খাস আদায় কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। পরবর্তীতে নিকটবর্তী/পার্শ্ববর্তী দাগের জলাভূমি সংযুক্ত, তফসিল হ্রাস-বৃদ্ধি, ভরাট হওয়ার কারণে খাসমূল্য কমানো অথবা মেয়াদ বৃদ্ধি ইত্যাদি বিষয়ে কোন প্রকার ওজর/আপত্তি গ্রহণ করা হবে না।
১২. নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।
১৩. কর্তৃপক্ষ যে কোন সময় খাস আদায় বিজ্ঞপ্তি/খাস আদায়ের সকল কার্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮/০৫/২০২৫
(রিয়াদ বিন ইব্রাহিম ভূঞা সা-আধ)
সহকারী কমিশনার (ভূমি)
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং-৩১.৪৬.৯০৪৭.০০১.০৭.০০৩.২৫- ৫৮৮(৯)

তারিখঃ ১৮ মে, ২০২৫
০৪ জ্যৈষ্ঠ, ১৪৩২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, জগন্নাথপুর থানা, জামালগঞ্জ। (দরপত্র খোলার তারিখে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়নের অনুরোধসহ)
৫. উপজেলা মৎস্য অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. চেয়ারম্যান, ------------------------------------(সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ। (স্থানীয় হাট-বাজারে বহুল প্রচারের অনুরোধসহ)
৭. উপ-সহকারী কৃষি কর্মকর্তা...................... (সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ,জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা, (সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ। (স্থানীয় জনসমাগম ও হাট-বাজারে বহুল প্রচারের অনুরো করা হলো এবং ইতোমধ্যে উক্ত জলমহালে যাতে কেউ অবৈধভাবে মৎস্য আহরণ করতে না পারে সে ব্যাপারে সতর্ক রাখার জন্য বলা হলো।)
৯. অফিস কপি/মাস্টার ফাইল।

১৮।০৫।২০২৫

(রিয়াদ বিন ইব্রাহিম ভূঞা সা-আধ)
সহকারী কমিশনার (ভূমি)
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

## ছক-'ক'

| ক্র:নং | জলমহালের নাম | মৌজা/জেএল নং | পরিমাণ (একরে) | বিগত ০৩ বছরের গড় ইজারামূল্য | সরকার নির্ধারিত ইজারামূল্য ৫% বর্ধিত হারে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | রত্না নদী ও ধোপাখালী | গন্ধর্বপুর/২০৪ | ২২.৬৮ | ৫,১০৪/- | ৫,৩৬০/- | |
| ০২ | ভেটুখালী নদী | কাদিরপুর/১০ | ৩২.২৭ | ২,০৮,৬৬৭/- | ২,১৯,১০১/- | |
| ০৩ | টগীনদী ও হিলুচিয়ার আগার | অলইতলী/২২২ গং | ৪৪.৭২ | ৬,৯৭,৩৩২/- | ৭,৩২,১৯৯/- | |
| ০৪ | পিলুয়া বিল | জয়দা/২৫৭ | ৩৮.৪৫ | ৪৮,৪০৫/- | ৫০,৮২৬/- | |

## ছক-'খ'

| ক্র:নং | জলমহালের নাম | মৌজা | দাগ নং | পরিমাণ (একর) | বিগত ৩ বছরে গড় ইজারা মূল্যের ৫% বর্ধিত হারে সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মইচাপুরী ও হিলিয়ার | আলমপুর | ৪১৪৩,৪০৮৫ | ২.৪৪ | ৬,৩২১/- | |
| ০২ | ভৈষা ও চাতল | বাসুদেবস্মরণ | ৩৭৩৩, ৩৭৩০ | ১৪.১৬ | ৬,৩০০/- | |
| ০৩ | পাথারিয়া দাইড় | আধুয়া | ৬৯২ | ৫.৩২ | ২,৩১৫/- | |
| ০৪ | হিলোচিয়া ও বাহির আলম | সুরতনপুর | ০১ | ১.৪৩ | ৮৭,২৪৭/- | |
| ০৫ | কামড়াখাই দিঘী | কামড়াখাই | ১৬১১ | ৫.৭৪ | ৬৫,৪১৪/- | |
| ০৬ | পাটকুরা বাজার সরকারি পুকুর | পাটকুরা | ৩৯১ | ০.৬৩ | ২,৬৫০/- | |
| ০৭ | বিলচর নাপ্তার বিল | চানপুর ছক | ৪৭৮, ৪৮১ | ৩.৪১ | ১০০০/- | |
| ০৮ | বিবিয়ানা নদীর ডুবি | দিঘলবাক | ----- | ----- | ২০০০/- | |
| ০৯ | ডুগাইজুরী গ্রুপ | কুবাজপুর, ইছগাঁও | ১৯৭১, ৫৩, ১৯৯৪, ৩১৪৩,১১১৭, ৭৪২ | ৪.০২ | ৫০০০/- | |
| ১০ | পুটি বিল | ----- | ----- | ----- | ----- | |
| ১১ | চেরাচেপ্টি চুনখাই | বাদে খাশিলা, সনুয়াখাই | ৭৯৫, ৫৭,২১৩ | ৫.৫৫ | ১২০০/- | |
| ১২ | বড় বন্দের বিল ও আলতা বিল | বাদে খাশিলা | ১৫০৪ | ২.০৯ | ১৫০০/- | |
| ১৩ | জতইকোনা বিল | কুবাজপুর | ৩০,৩১৩ | ১১.৮০ | ----- | |
| ১৪ | জোরবিল পেলকুড়া | পাইলগাঁও | ২৫৮৮/৬০, ১৩৮১/১৩৮৩, ১৪৪৫ | ৫.৫১ | ৫০০০/- | |
| ১৫ | মাঝের ডুবি | সুরতনপুর | ----- | ----- | ----- | |
| ১৬ | লোকমা বিল | সাতা, মাকড়কোনা | ১২৩৮, ১২৪৯ | ২.০৩ | ৪১০০/- | |
| ১৭ | গোলমা নদী | ----- | ----- | ----- | ----- | |
| ১৮ | চাতল বিল হটার হাওর | বাদে খাশিলা | ৫৯১, ৫৯২, ৬৪১ | ৪.৪৮ | ১১০০/- | |
| ১৯ | চড়াল চেপ্টি বড় কান্দি | খানপুর | ৪২৯৩ | ৪.৯৬ | ১১০০/- | |
| ২০ | চারুয়া বিল | ----- | ----- | ----- | ----- | |
| ২১ | ছয়তাকোনা বড় বিল | মাকড়কোনা | ৩০৬ | ৩.৭৪ | ৪০০০/- | |
| ২২ | সাতকাড়া বিল | সাতা | ৩৮৬ | ৭.৪০ | ৬০৫০/- | |
| ২৩ | ওয়াছিমখালী | সারিকাইত, পাইলগাঁও | ২২৬,১২৭৮ | ৭.৯৬ | ----- | |
| ২৪ | জালালপুরের ঢালা | খানপুর | ১৯৬০ | ৪.৪০ | ----- | |
| ২৫ | উপজেলা পরিষদ সরকারী পুকুর | ----- | ----- | ----- | ----- | |

২৮/০৫/২০২৫
(রিয়াদ বিন ইব্রাহিম ভূঞা সা.আ.)
পরিচিতি নম্বর-১৮৬৯৫
সহকারী কমিশনার (ভূমি)
জগন্নাথপুর, সুনামগঞ্জ